

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫



স্মারক নং- ৪২.৬২.০০০০.৯৬৬.০০.০২২.১৮. ৪৬০

তারিখ: ২৫ নভেম্বর ২০২০

প্রেরক:

মহাপরিচালক (গ্রেড-১)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

প্রাপক:

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণ: উপ মহাব্যবস্থাপক, বিজনেস ডেভলপমেন্ট ডিভিশন, সোনালী ব্যাংক লিঃ, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।]

বিষয়: বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচি'র সুফলভোগী সদস্যদের একশত টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) জনগণের জীবনযাত্রার মানোন্নয়ন ও অর্থনৈতিক সমৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার কর্তৃক গৃহিত সকল উদ্যোগের সাথে গভীরভাবে সম্পৃক্ত থেকে বহুমাত্রিক কর্মকান্ড পরিচালনা করছে। দেশের গ্রামীণ জনগণের জীবন ও জীবিকার বিকাশ সাধন এবং গ্রামীণ জনপথের উন্নয়নের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে সমন্বিত পল্লী উন্নয়ন কর্মসূচি (আইআরডিপি) আকারে এ প্রতিষ্ঠানটি সৃষ্টি করেন। তখন থেকে এ প্রতিষ্ঠান বিভিন্ন প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে মানব সংগঠন সৃষ্টি, নেতৃত্বের বিকাশ, কৃষির আধুনিকায়ন, সেচ ব্যবস্থার উন্নয়ন, উৎপাদন বৃদ্ধি, দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন এবং নিজস্ব সঞ্চয় ও শেয়ারের মাধ্যমে পুঁজি গঠন করে ক্ষুদ্র ঋণের ভিত্তি রচনায় উল্লেখযোগ্য ভূমিকা রেখে চলছে।

২। বিআরডিবি কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচি'র আওতায় খুলনা ও বরিশাল বিভাগের ১৫টি জেলাধীন ৫৯টি উপজেলায় দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নারীদের দারিদ্রতা হ্রাসসহ আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ক্ষুদ্র ও উদ্যোক্তা ঋণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে (উপজেলার তালিকা সংযুক্ত)। বিআরডিবি কর্তৃক ক্ষুদ্র ঋণের অর্থ সুফলভোগী সদস্যদের সঠিকভাবে প্রদানের স্বার্থে সরাসরি সুফলভোগী সদস্যদের ব্যাংক হিসাবে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। কিন্তু সুফলভোগী সদস্যদের নিজস্ব ব্যাংক হিসাব না থাকায় সরাসরি ঋণের অর্থ তাদের ব্যাংক হিসাবে প্রদান করা সম্ভব হচ্ছে না। অন্যদিকে, এ সকল দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত সুফলভোগী সদস্যদের আর্থিক সংগতি না থাকায় প্রচলিত ব্যবস্থায় একশত টাকার অধিক অর্থ নগদে জমা দিয়ে ব্যাংক হিসাব খোলাও তাদের পক্ষে সম্ভব নয়। সোনালী ব্যাংক দীর্ঘ দিন যাবৎ সরকারের গৃহিত বিভিন্ন দারিদ্র বিমোচন ও সামাজিক নিরাপত্তা সংক্রান্ত প্রকল্প/কর্মসূচিসমূহের সুফলভোগী সদস্যদের ব্যাংকিং সেবা সুনামের সাথে প্রদান করে আসছে। তাই, বিআরডিবি কর্তৃক পরিচালিত অত্র প্রকল্প/কর্মসূচির মহিলা সুফলভোগী সদস্যদের সঠিকভাবে তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে ঋণের অর্থ প্রদানের স্বার্থে উক্ত সদস্যদের একশত টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান করে দেশের দরিদ্র, অসহায় ও সুবিধাবঞ্চিত নারীদের দারিদ্র বিমোচনসহ আর্থ-সামাজিক উন্নয়নে অংশগ্রহণে আপনাদের সহযোগীতা কামনা করছি। উল্লেখ্য, অত্র প্রকল্প/কর্মসূচির ব্যাংক হিসাবসমূহ আপনার ব্যাংকের সংশ্লিষ্ট শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে।

৩। এমতাবস্থায়, বিআরডিবি কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প/কর্মসূচি'র সুফলভোগী সদস্যদের একশত টাকায় ব্যাংক হিসাব খোলাসহ পরিচালনার সুযোগ প্রদান এবং সংশ্লিষ্ট ব্যাংক শাখাসমূহকে এ সংক্রান্ত বিষয়ে নির্দেশনা জারি করার মাধ্যমে সহযোগীতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ০২-৮১৮০০০২